



Australian Government
Department of Health

COVID-19-এর বিস্তার কমাতে সাহায্য করার জন্য নতুন হাতিয়ার

পরীক্ষা করানো, ভালো স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রাখা-এসবের সাথে একযোগে অস্ট্রেলিয়াতে করোনা ভাইরাসের বিস্তার কমাতে সাহায্য করার জন্য COVIDSafe অ্যাপ একটি নতুন হাতিয়ার।

COVIDSafe অ্যাপটি শুধুমাত্র স্বাস্থ্য বিষয়ক। এই অ্যাপটি কোন মানুষ করোনা ভাইরাসে আক্রান্ত কোন ব্যক্তির সংস্পর্শে এসেছেন কিনা তা দ্রুততার সাথে অবহিত করার মাধ্যমে অস্ট্রেলিয়ার মানুষদেরকে নিরাপদ রাখবে। স্টেট ও টেরিটোরির স্বাস্থ্য কর্মকর্তাগণ আপনার সাথে যোগাযোগ করবেন যদি আপনি কারো সংস্পর্শে এসে থাকেন এবং তাঁরা আপনাকে বলবেনঃ

- আপনার কোন বিষয়গুলো লক্ষ্য করতে হবে
- আপনার কোয়ারেন্টিন-এর প্রয়োজন আছে কিনা
- কীভাবে, কখন ও কোথায় পরীক্ষা করতে পারবেন, এবং
- কীভাবে আপনি নিজেকে ও আপনার পরিবারকে রক্ষা করতে পারবেন।

এই অ্যাপটি ঐচ্ছিক এবং বিনামূল্যে পাওয়া যায়। আপনি COVIDSafe অ্যাপটি আপনার অ্যাপ স্টোর থেকে ডাউনলোড করতে পারেন। আপনাকে আপনার নাম, ফোন নম্বর, পোস্ট কোড এবং বয়সের ব্যাপ্তি এন্টার করতে বলা হবে। এই তথ্যগুলো অত্যধিক নিরাপদ ডাটা স্টোরেজ সিস্টেমে আপলোড করা হয় এবং এগুলো একটি রেফারেন্স কোড জেনারেট করার জন্য ব্যবহৃত হয়।

অ্যাপটি আপনার ফোনের ব্যাকগ্রাউন্ডে থেকে কাজ করে, আপনি আপনার দিনে যা করেন তার ভিত্তিতে। এটি ক্ল-টুথ ব্যবহার করে অন্যান্য অ্যাপ ব্যবহারকারীদের খুঁজে বের করে। এটি আপনি যেসব অ্যাপ ব্যবহারকারীদের সংযোগে এসেছেন তাদের রেফারেন্স কোড এবং এর সাথে তারিখ, সময়, দূরত্ব ও সংযোগের স্থায়িত্বকাল নিরাপদে লগ করে।

এটি স্থান রেকর্ড করে না।

এই সংযোগের তথ্যগুলো এনক্রিপ্ট করা ও আপনার ফোনের অ্যাপ-এ জমা করা। আপনিও এটিতে অ্যাক্সেস বা প্রবেশ করতে পারবেন না।

সংযোগের তথ্যগুলো অ্যাপটিতে শুধুমাত্র ২১ দিন পর্যন্ত জমা রাখা হয়। এই সময়টি ভাইরাসের উন্মেষপর্বের সর্বোচ্চ ১৪ দিন প্রদান করে, এবং পরীক্ষার ইতিবাচক ফলাফল পাবার সময়ও দেয়। ২১ দিনের বেশী পুরোনো তথ্যগুলো অ্যাপটি থেকে স্বয়ংক্রিয়ভাবে মুছে ফেলা হয়।

আপনার যদি COVID-19 ধরা পড়ে, তবে স্টেট ও টেরিটোরির স্বাস্থ্য কর্মকর্তাগণ আপনাকে জিজ্ঞেস করবেন আপনি সম্প্রতি যাঁদের সংস্পর্শে এসেছেন তাঁদের প্রত্যেকের সম্পর্কে। আপনি চাইলে তাঁদেরকে আপনার অ্যাপটিতে ধরা পড়া মানুষদের বিষয়ে তথ্য দিতে পারেন যাঁদের সাথে আপনি ঘনিষ্ঠ সংযোগে এসেছিলেন- ১.৫ মিটারের মধ্যে ১৫ মিনিট বা তার বেশী সময়ের জন্য।

বর্তমানে, ভাইরাসের সংস্পর্শে এসেছেন এমন মানুষদের খুঁজে পাওয়া নির্ভর করছে মানুষরা কাদের সাথে ছিলেন এবং তাঁদের যোগাযোগের তথ্য স্মরণ রাখার ক্ষমতার উপর। COVIDSafe এই পদ্ধতিকে দ্রুততর ও আরো নির্ভুল করে।

অ্যাপ-এর তথ্যগুলো শুধুমাত্র স্টেট ও টেরিটোরির স্বাস্থ্য কর্তৃপক্ষ দ্বারা ব্যবহৃত হবে, এবং শুধুমাত্র মানুষদের জানাতে সাহায্য করার জন্য যে তাঁরা করোনা ভাইরাসে আক্রান্ত কারো সংযোগে এসেছেন কিনা। অ্যাপটিতে প্রাপ্ত তথ্য অন্য কোনভাবে ব্যবহার করা একটি দন্ডনীয় অপরাধ।

আপনি আপনার ফোন থেকে অ্যাপটি ও এর তথ্য যেকোন সময়ে মুছে ফেলতে পারেন।

যখন অস্ট্রেলিয়াতে বিশ্বব্যাপী-মহামারীর শেষ হবে, তখন COVIDSafe অ্যাপটি মুছে ফেলার জন্য ব্যবহারকারীদেরকে অনুরোধ জানানো হবে। এটি ব্যক্তির ফোনের মাঝে থাকা অ্যাপটির সব তথ্য মুছে ফেলবে। বিশ্বব্যাপী-মহামারী শেষ হবার পর ইনফর্মেশন স্টোরেজ সিস্টেমের সব তথ্যও ধ্বংস করা হবে।

অ্যাপটির ব্যবহার সরকারকে বিধিনিষেধ কমিয়ে আনার পদক্ষেপ নিতে আরো দ্রুত সাহায্য করবে।

করোনা ভাইরাস ও COVIDSafe অ্যাপ সম্বন্ধে আরো জানতে, www.health.gov.au ওয়েবসাইটটিতে যান।